



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
স্বাস্থ্য অধিশাখা
শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয়নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd
সভার কার্যবিবরণী ০৩ ডিসেম্বর ২০২৫

সভাপতি	মোছাঃ জুলিয়া জেসমিন
	যুগ্ম মহাপরিদর্শক
সভার তারিখ	৩০ নভেম্বর, ২০২৫ খ্রি:
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	যুগ্ম মহাপরিদর্শক, স্বাস্থ্য অধিশাখা এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি নারীর প্রতি যৌন হয়রানী প্রতিরোধে গঠিত "complaint committee"র সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধে কমিটির সদস্য সচিব উপমহাপরিদর্শক জনাব সাবিহা মুক্তা হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায়ের আলোকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ে গঠিত "complaint committee"র সার্বিক কার্যক্রমসহ বর্তমান অবস্থা তুলে ধরেন।

২। সভাপতি মহোদয় ও প্রধান কার্যালয়ের এ কমিটির আহ্বায়ক সভায় অবগত করেন যে কর্মক্ষেত্রে নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে স্বচ্ছ ধারণা ও সচেতনতা সৃষ্টিকরণের লক্ষ্যে গত ১৫-১০-২০২৫ তারিখে প্রধান কার্যালয়সহ উপমহাপরিদর্শকের কার্যালয় গাজীপুর, ঢাকা ও নারায়ণগঞ্জ এর ২০ জন কর্মকর্তা নিয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। তিনি এরূপ প্রশিক্ষণ আয়োজন চলমান রাখার উপর গুরুত্বারোপ করেন ও প্রশিক্ষণ আয়োজনে তিনি বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এবং বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিস (বিলস) এর সহযোগিতা কামনা করেন।

জবাবে, এ কমিটির সদস্য জনাব মাহবুবা আক্তার, পরিচালক, ব্লাস্ট বলেন যে, ডিসেম্বর, ২০২৫ মাসে ব্লাস্টের সহযোগিতায় সিলেট/গ্রীমঞ্জলে একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে।

৩। কমিটির সদস্য সচিব জনাব সাবিহা মুক্তা, উপমহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা বলেন যে, অধিদপ্তরের যুগ্ম মহাপরিদর্শক ও উপমহাপরিদর্শকদের নিয়ে complaint committee এর কার্যক্রম সংক্রান্ত ও হাইকোর্টের রীট পিটিশন নং ৫৯১৬/২০০৮ এর রায় সংক্রান্ত একটি ওয়ার্কশপ করানো যেতে পারে। এছাড়া, অধিদপ্তরের সকল স্টাফদের জন্যও ওয়ার্কশপ আয়োজন করা প্রয়োজন।

সভাপতি মহোদয় এতে একমত পোষণ করে বলেন যে, অধিদপ্তরের যুগ্ম মহাপরিদর্শক ও উপমহাপরিদর্শকদের নিয়ে আইএলও এর অর্থায়নে কর্মশালা আয়োজন করা হবে। উক্ত প্রশিক্ষণে আইএলও কনভেনশন ১৯০ বিষয়ে সেশন অন্তর্ভুক্ত করতে হবে। এছাড়া, অধিদপ্তরের সকল স্টাফদের জন্য পর্যায়ক্রমে প্রশিক্ষণ আয়োজন করতে উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা বরাবর ইউ ও নোট প্রেরণ করতে হবে।

৪। কমিটির অন্যতম সদস্য জনাব এস এম জিসান, উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে একটি SOP প্রস্তুত করার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

জবাবে সভাপতি মহোদয় বলেন যে, উক্ত SOP এর খসড়া প্রস্তুত করার লক্ষ্যে একটি কমিটি গঠন করা হবে। বিলস ও ব্লাস্ট থেকে কমিটিতে ২ জন প্রতিনিধি থাকবেন। কমিটি কর্তৃক SOP এর খসড়া প্রস্তুতকরণের পর আইএলও এর অর্থায়নে এ সংক্রান্ত একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে।

বিলস এর পরিচালক জনাব নাজমা ইয়াসমিন বলেন যে, SOP এর খসড়া প্রস্তুতকরণ ও কর্মশালা আয়োজনে বিলস হতে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদান করা হবে।

৫। জনাব সাবিহা মুন্তা, উপমহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা বলেন যে, বিধি ৩৬১ক তে প্রতিটি কর্মক্ষেত্রে অন্যান্য পাঁচ সদস্য বিশিষ্ট অভিযোগ কমিটি গঠনের যে বিধান রয়েছে তা বাস্তবায়নে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ কার্যকর ভূমিকা পালন করতে পারে। এক্ষেত্রে, কার্যালয়সমূহ হতে নিয়মিত পরিদর্শন পরবর্তী কারেক্টিভ একশন প্লানে বিধি ৩৬১ক বাস্তবায়নের বিষয়টি উল্লেখ করা যেতে পারে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

সভাপতি মহোদয় এতে একমত পোষণ করেন ও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের বিধি ৩৬১ক বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করা প্রয়োজন। এছাড়াও, উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন পরবর্তী মোট কতটি কারেক্টিভ একশন প্লানে বিধি ৩৬১ক বাস্তবায়নের বিষয়টি উল্লেখ করেছে তার তথ্য কার্যালয়সমূহে পত্র প্রেরণ করে সংগ্রহ করতে হবে।

৬। সভাপতি মহোদয় বলেন যে, নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধে ‘কমপ্লেইন্ট কমিটি’ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন, ২০২৫ প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে।

৭। সভাপতি মহোদয় আরো বলেন, complaint committee এর পরবর্তী সভা ২০২৬ সালের জানুয়ারির শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।

সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। অধিদপ্তরে নারীর প্রতি যৌন হয়রানি নিরসন ও প্রতিরোধে একটি SOP এর খসড়া প্রস্তুত করার লক্ষ্যে একটি কমিটি গঠন করতে হবে। কমিটিতে বিলস ও ব্লাস্ট থেকে উপযুক্ত প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।

২। উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন পরবর্তী মোট কতটি কারেক্টিভ একশন প্লানে বিধি ৩৬১ক বাস্তবায়নের বিষয়টি উল্লেখ করেছে তার তথ্য কার্যালয়সমূহে পত্র প্রেরণ করে সংগ্রহ করতে হবে।

৩। অধিদপ্তরের যুগ্ম মহাপরিদর্শক ও উপমহাপরিদর্শকদের নিয়ে কর্মশালা আয়োজন করা হবে। এছাড়া, অধিদপ্তরের সকল স্টাফদের জন্য প্রশিক্ষণ আয়োজন করতে উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা বরাবর ইউ ও নোট প্রেরণ করতে হবে।

৪। নারীর প্রতি যৌন হয়রানি প্রতিরোধে ‘কমপ্লেইন্ট কমিটি’ সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন, ২০২৫ প্রস্তুতের কার্যক্রম শুরু করতে হবে।

৫। complaint committee এর পরবর্তী সভা জানুয়ারি, ২০২৬ এর শেষ সপ্তাহে অনুষ্ঠিত হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



০৪-১২-২০২৫

মোছাঃ জুলিয়া জেসমিন

যুগ্ম মহাপরিদর্শক

healthwing.dife@gmail.com

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ

০৪ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.০০০০.০০০.১০২.১৮.০০০৬.২১.৫৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। যুগ্মমহাপরিদর্শক (সকল)।

২। উপ মহাপরিদর্শক, স্বাস্থ্য শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৩। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৪। পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিস (বিলস)।

৫। পরিচালক, এডভোকেসী এন্ড কমিউনিকেশন, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)।

৬। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

- ৭। সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৮। সহকারী মহাপরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ৯। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), স্বাস্থ্য অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।



[Handwritten signature in blue ink]

০৪-১২-২০২৫

মোছাঃ জুলিয়া জেসমিন
যুগ্ম মহাপরিদর্শক